



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ



আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭২.২১-১৩১৪

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮

০৭ অক্টোবর ২০২১

বিষয়: রিট পিটিশন নং ৯৩১/২০২১-এর আরজির আলোকে দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ৯৩১/২০২১ এর ০৮/০২/২০২১ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০নং নুরুল্লাবাদ ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগা-এর চেয়ারম্যান, নুরমোহাম্মদ মন্সল ১৩/০৩/২০০৫ তারিখ পুনরায় চেয়ারম্যান নির্বাচিত হয়ে মোঃ আয়নাল হক, চৌকিদার-কে বহিষ্কার করে এবং মোঃ সোহেল রানা শাহ-কে চৌকিদার পদে নিয়োগ প্রদান করেন। মোঃ সোহেল রানা শাহ, চৌকিদার পদে বেতন না পাওয়ার কারণে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৩১/২০২১ মোকদ্দামা দায়ের করেন। আদালত ০৮-০২-২০২১ তারিখ রুল ও আরজির আলোকে জবাব প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয় কে নির্দেশ দিয়েছেন। উক্ত মোকদ্দামা সিনিয়র সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করা হয়েছে। রিটের ২নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, নওগা।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৩১/২০২১ মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব (Statements of defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্ত জরুরিভিত্তিতে নিম্ন-স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি

৭-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭২.২১-১৩১৪/১(৪)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮

০৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৭-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব